

স্মারক নং ৩২.০১.১০২৭.০০০.০১৮.০১.২৬.- ৩১

তারিখ : ২৫/০৩/২০২৬

### ‘প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি’

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ীয় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “ উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয় বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত দুটি ট্রেডে ২০ জন করে মোট ৪০ জন প্রশিক্ষার্থী ভর্তি করা হবে :

ক্রমিক নং	ট্রেড কোর্সের নাম	সংখ্যা	আবেদন পত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ	সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ
০১	ফ্যাশন ডিজাইন	২০জন	২৫-০৩-২০২৬খ্রি: হতে	১৩-০৪-২০২৬খ্রি:
০২	বিউটিফিকেশন	২০জন	০৮-০৪-২০২৬খ্রি: পর্যন্ত	সকাল ১০.০০ঘটিকা

#### শর্তাবলী :

- (১) উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের জন্য আবেদনকারীর স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতার দরিদ্র সুবিধা বঞ্চিত মহিলা হতে হবে।
- (২) বিধবা/তালাকপ্রাপ্তা মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- (৩) আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮-৪০ বছর হতে হবে।
- (৪) একবার যে কোন ট্রেডের প্রশিক্ষণ গ্রহণ করলে পরবর্তীতে অত্র প্রকল্প হবে অন্য কোন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। এই রকম কোন প্রশিক্ষার্থী সনাক্ত হলে যে কোন সময় প্রকল্প পরিচালক উক্ত প্রশিক্ষার্থীকে বাতিল করতে পারবেন। সেক্ষেত্রে উক্ত বাতিলকৃত প্রশিক্ষার্থী কোন প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন না।
- (৫) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন করলে আবেদন গ্রহণ যোগ্য হবে না।

#### আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ সংযুক্ত করতে হবে :

- (১) পাসপোর্ট আকারের ০৩কপি রঙ্গিন সত্যায়িত ছবি।
- (২) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ০২কপি ফটোকপি।
- (৩) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- (৪) নাগরিকত্ব সনদ।

#### উল্লেখ্য যে,

- (ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ধুনট, বগুড়া হতে ফরম জমা দেওয়ার সময় /নোটিশ বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকারের তারিখ জানিয়ে দেওয়া হবে। এজন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- (খ) ভর্তি পরীক্ষার ফলাফল নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- (গ) প্রশিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সনদ পত্র প্রদান করা হবে।

*Aurang*  
২৫.০৩.২৬

( মোছাঃ নাহিদা সুলতানা )  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ধুনট, বগুড়া।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. প্রকল্প পরিচালক, “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প (২য় পর্যায়) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।
০৩. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বগুড়া।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধুনট, বগুড়া।
০৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া।
০৬. অফিস কপি।